



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
ডাকবাংলা নং ৩২৫
ঢাকা
বাংলাদেশ

www.bangladeshbank.org.bd

কৃষি ঋণ ও আর্থিক সেবাভুক্তি বিভাগ

এসিএফআইডি সার্কুলার নং-০২

২৭ ভাদ্র, ১৪২১

১১ সেপ্টেম্বর, ২০১৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

দেশের বিভিন্ন অঞ্চলে সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের কৃষি ঋণ সুবিধা প্রদান প্রসঙ্গে।

অতিবৃষ্টি ও উজান থেকে আসা পানির কারণে সৃষ্ট সাম্প্রতিক বন্যায় দেশের বিভিন্ন অঞ্চলের ২১টি জেলায় (কুড়িগ্রাম, নীলফামারী, লালমনিরহাট, গাইবান্ধা, রংপুর, বগুড়া, সিরাজগঞ্জ, টাঙ্গাইল, জামালপুর, শেরপুর, নেত্রকোনা, ঢাকা, মুন্সিগঞ্জ, মানিকগঞ্জ, রাজবাড়ী, ফরিদপুর, শরিয়তপুর, মাদারীপুর, সুনামগঞ্জ, সিলেট এবং ভোলা) রোপা আমনসহ অন্যান্য ফসল ও মৎস্য খাতের ব্যাপক ক্ষতি হয়েছে। ফলে, এ অঞ্চলসমূহের ক্ষতিগ্রস্ত কৃষকদের ক্ষতি কাটিয়ে উঠে কৃষি উৎপাদন কর্মকান্ড অব্যাহত রাখার লক্ষ্যে রোপা আমনসহ অন্যান্য ফসল এবং মৎস্য খাতে প্রকৃত চাহিদা ও বাস্তবতার নিরিখে নতুন ঋণ বিতরণ এবং ক্ষতিগ্রস্ত এলাকায় রবি শস্য এবং আমদানী বিকল্প ফসলে (ডাল, তৈলবীজ, মসলা ও ভুট্টা) রেয়াতি হার সুদে ঋণ প্রদান জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকগণ যাতে প্রকৃত চাহিদা মোতাবেক যথাসময়ে নতুন ঋণ সুবিধা গ্রহণ করতে পারেন এবং ঋণ পেতে কোনরূপ হয়রানির শিকার না হন সে বিষয়টি ব্যাংকসমূহ নিবিড়ভাবে তদারকি করবে। এছাড়া, এ বিষয়ে অর্জিত অগ্রগতি ব্যাংকসমূহ আগামী ২০/১০/২০১৪ তারিখের মধ্যে অত্র বিভাগকে অবহিত করবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(প্রভাষ চন্দ্র মল্লিক)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৩৮